

বোধপরীক্ষণ

নীচের অনুচ্ছেদটি পড়ে সঠিক উত্তরগুলি বেছে নিয়ে লেখো : -

আবদুল মাঝি, ছুঁচলো তার দাড়ি, গৌফ তার কামানো, মাথা তার ন্যাড়া ।
তাকে চিনি, সে দাদাকে এনে দিত পদ্মা থেকে ইলিশ মাছ আর কচ্ছপের ডিম
। সে আমার কাছে গল্প করেছিল একদিন --চন্ডির মাসের শেষের দিকে
ডিঙিতে মাছ ধরতে গিয়েছে, হঠাৎ এল কালবৈশাখী । ভীষণ তুফান, নৌকা
ডোবে ডোবে । আবদুল দাঁতে রশি কামড়ে ঝাঁপিয়ে পড়ল জলে, সাঁতরে উঠল
চরে, কাছি ধরে টেনে তুলল তার ডিঙি ।

গল্পটা এত শিগগির শেষ হল আমার পছন্দ হল না । নৌকাটা ডুবল
না, অমনি বেঁচে গেল, এতো গল্পই নয় । বার বার বলতে লাগলুম তারপর
? সে বললে, তারপর সে এক কাণ্ড । দেখি এক নেকড়ে বাঘ । ইয়া তাঁর
গৌফজোড়া । ঝড়ে সময়ে সে উঠেছিল ওপারে গঞ্জের ঘাটের পাকুড় গাছে ।

ক) আবদুলের নৌকা - তুফানে/টেউয়ে/জলে/রোদে ।

খ) দাদাকে আবদুল এনে দিত - ইলিশ মাছ/কচ্ছপের
ডিম/উভয়ই/কোনটিইনয় ।

গ) আবদুলের দাড়ি ছিল - মোটা/ সরু/ছুঁচলো/বাঁকা ।

ঘ) মাছ ধরতে গিয়েছিল - বৈশাখ/চৈত্র/আষাঢ়/শ্রাবণ মাসে ।

ঙ) নেকড়ে বাঘ ঝড়ের সময় উঠেছিল - আম/জাম/পাকুড়/বট গাছে ।